

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৪৬৯৮
আগরতলা, ২৫ জানুয়ারি, ২০২৪

জিবিপি হাসপাতালে কার্ডিওলজি বিভাগে
বিরলতম রোগের দুরূহ ও জটিল অস্ত্রোপচার



আগরতলা সরকারি মেডিক্যাল কলেজ ও জিবিপি হাসপাতালের কার্ডিওলজি ডিপার্টমেন্টে এখন হৃদরোগের জটিল চিকিৎসা পরিষেবা প্রদান অব্যাহত রয়েছে। সম্প্রতি এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালে কার্ডিওলজি ডিপার্টমেন্টে বিশেষজ্ঞ কার্ডিওলজি চিকিৎসকগণ একটি বিরলতম এবং জটিল রোগের সফল অস্ত্রোপচার করেন।

আগরতলার টাউন বড়দোয়ালীর মিঠু কর্মকার (৪৬ বছর) বিগত ছয় মাস ধরে হাঁটা চলার সমস্যা সহ দুই পায়ে ব্যথা এবং ডান পায়ের আঙ্গুলের ঘা নিয়ে এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালের কার্ডিওলজি ওপিডিতে আসেন। এরপর কার্ডিওলজি ডিপার্টমেন্টের ওপিডিতে বিশেষজ্ঞ চিকিৎসকগণ রোগীর প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষা করেন। তখন চিকিৎসকগণ এই রোগীর যাবতীয় পরীক্ষা নিরীক্ষার রিপোর্ট বিচার বিশ্লেষণ করে রোগীর সমস্যাটিকে বিরলতম রোগ হিসাবে চিহ্নিত করেন। এই রোগের ক্ষেত্রে রোগীর শরীরের রক্তনালী (অ্যারোট্যা এবডোম্যান) থেকে দুই পায়ের প্রধান রক্তনালী (কমন অ্যাইলেক অ্যারোট্যা) প্রায় সফু হয়ে বন্ধ হয়ে যায়। এই বিরলতম রোগটির চিকিৎসা বেসরকারি প্রতিষ্ঠানে ব্যয় সাপেক্ষ।

উক্ত বিরলতম রোগটির চিকিৎসার জন্য এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালের কার্ডিওলজি ডিপার্টমেন্টের কনসালটেন্ট কার্ডিওলজিস্ট ডাঃ রাকেশ দাস এবং ডাঃ অনিন্দ্য সুন্দর ত্রিবেদীর নেতৃত্বে এক টিম রোগীর জটিল অস্ত্রোপচার করেন। এছাড়াও এই অস্ত্রোপচারে সামিল হন কার্ডিয়াক এনেস্থিসিয়া বিশেষজ্ঞ ডাঃ সুরজিৎ পাল ও ডাঃ মণিময় দেববর্মা সহ কার্ডিওলজি ডিপার্টমেন্টের জুনিয়র চিকিৎসক ডাঃ অর্ঘ্য প্রতিম নাথ, ডাঃ অনুরূপা বোস, ডাঃ সম্রাট দাস, ডাঃ প্রসেনজিৎ নন্দী, ডাঃ অন্বেষা দেবনাথ এবং ডাঃ অসমিন চাকমা প্রমুখ।

২-এর পাতায়

তাছাড়া এই অস্ত্রোপচারে ক্যথল্যাব টেকনিশিয়ান ছিলেন সঞ্জয় ঘোষ, ক্যথল্যাব নার্স ছিলেন দেবব্রত দেবনাথ, প্রাণকৃষ্ণ দেব, মানস দত্ত এবং তিতিক্ষা মজুমদার, ইকো টেকনোলজিস্ট ছিলেন কিষ্ণাণ রায়, কো-অর্ডিনেটর ছিলেন অমন সাহা ও অভিষেক দত্ত, জেনসন দেববর্মা, রিচাশ্রী সরকার, ওটি অ্যাসিস্ট্যান্ট ছিলেন ছিলেন সৌরভ শীল, জয়দীপ চক্রবর্তী, জোৎস্না শীল ও রতন মন্ডল প্রমুখ।

অস্ত্রোপচারের পর রোগী চিকিৎসকদের পর্যবেক্ষণে রয়েছে এবং তাঁর শারীরিক অবস্থা বর্তমানে স্থিতিশীল রয়েছে। উল্লেখ্য রাজ্যের মুখ্যমন্ত্রী সমীপেষ্ণু অনুষ্ঠানে উক্ত রোগী চিকিৎসার জন্য সাহায্যপ্রার্থী হয়েছিলেন। এরই ভিত্তিতে তিনি এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালের মেডিকেল সুপার এবং আর কে এস ফার্মেসির সহযোগিতায় উক্ত অস্ত্রোপচারের সুযোগ লাভ করেন। বহিরাঙ্গ্যে না গিয়ে রাজ্যেই বিশেষজ্ঞ কার্ডিওলজি চিকিৎসকদের হাতে উন্নত চিকিৎসা পরিষেবা লাভ করে রোগীর পরিজনেরা চিকিৎসক সহ সকল স্বাস্থ্যকর্মীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা ডা. সুপ্রিয় মল্লিক এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
